



গবেষণা ও সম্প্রসারণ কেন্দ্র
জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়
ত্রিশাল, ময়মনসিংহ

স্মারক নং-জাককানইবি/অভ্যগআ/পুন/২৪/০২/২০২৪

তারিখ: ০৫/০৫/২০২৪ ইং


২০২৪-২০২৫ অর্থ বছরের গবেষণা প্রকল্পের জন্য প্রস্তাবনা আহ্বান

জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়ের সকল সম্মানিত শিক্ষকমণ্ডলী ও স্নাতকোত্তর শ্রেণিতে অধ্যয়নরত শিক্ষার্থীদেরকে জানানো যাচ্ছে যে, ইউজিসি থেকে বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে বিশ্ববিদ্যালয়ের নিজস্ব তহবিল কর্তৃক বরাদ্দকৃত অর্থের বিপরীতে ২০২৪-২০২৫ অর্থ বছরের জন্য গবেষণা প্রকল্প প্রস্তাবনা আহ্বান করা হচ্ছে। আগ্রহী গবেষকগণদের জন্য আগামী ০৬/০৫/২০২৪ ইং তারিখ হতে ২০/০৫/২০২৪ ইং তারিখ পর্যন্ত সময়বৃদ্ধি করা হল। যথাসময়ের মধ্যে তিন (০৩) কপি গবেষণা প্রস্তাবনা পরিচালক, গবেষণা ও সম্প্রসারণ কেন্দ্রের দপ্তরে সংযুক্ত ফরমেট অনুযায়ী নিম্নে উল্লিখিত শর্তসাপেক্ষে জমাদানের জন্য বিশেষভাবে অনুরোধ করা হল। উল্লিখিত ০৩ কপি প্রস্তাবনার মধ্যে ০১ কপিতে জমাকারীর নাম, পদবি, স্বাক্ষর ও বিভাগ উল্লেখ করে জমা দিতে হবে এবং বাকি ০২ কপিতে জমাকারীর নাম, পদবি, স্বাক্ষর ও বিভাগ উল্লেখ করার প্রয়োজন নেই।

শর্তসমূহ:-

০১. ইতোপূর্বে অত্র বিশ্ববিদ্যালয়ে যে সকল প্রকল্প প্রস্তাবনার উপর গবেষকগণ গবেষণার কাজ সম্পন্ন করেছেন সেই সকল প্রকল্প প্রস্তাবনা গ্রহণযোগ্য হবে না। (যে সকল প্রকল্প প্রস্তাবনার উপর গবেষকগণ গবেষণার কাজ সম্পন্ন করেছেন সেই সকল প্রকল্প প্রস্তাবনার তালিকা সংযুক্ত)।
০২. সংশ্লিষ্ট অনুষদের ডিন এবং প্রকল্প মূল্যায়নকারী সুপারিশের ভিত্তিতে বরাদ্দকৃত সমূদয় অর্থের ৬০% প্রদান করা হবে।
০৩. সমূদয় অর্থের (উত্তোলিত ৬০%+অনুত্তোলিত ৪০%) সময়সহ ০১ টি সিডি ও বুকবাইন্ডিংপূর্বক গবেষণা প্রকল্পের ০৫ কপি চূড়ান্ত প্রতিবেদন/অভিসন্দর্ভ আগামী ০২/০৬/২০২৫ তারিখের মধ্যে গবেষণা ও সম্প্রসারণ কেন্দ্রে জমা দিতে হবে।
০৪. বাজেট বিবরণীতে বরাদ্দকৃত টাকার ০৫% দিয়ে সেমিনার আয়োজন আবশ্যিক। এই অর্থ সেমিনারের জন্য সংশ্লিষ্ট অনুষদের ডিন মহোদয়ের নিকট হস্তান্তর করতে হবে।
০৫. অনুষদের ডিন মহোদয়ের নির্দেশনা অনুসারে একটি সেমিনার অনুষ্ঠিত হবে; সেই সেমিনারে গবেষণার চূড়ান্ত প্রতিবেদনটি মূল্যায়ন করা হবে। মূল্যায়ন প্রতিবেদনসহ চূড়ান্ত প্রতিবেদন জমাদিতে হবে।
০৬. প্রকল্পে চূড়ান্ত প্রতিবেদনটি প্রবন্ধ আকারে দেশি/বিদেশি কোনো স্বীকৃত জার্নালে প্রকাশ করতে হবে। প্রবন্ধের শেষে গবেষণাটি জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়ের আর্থিক আনুকূল্যে সম্পন্ন হয়েছে; এই মর্মে কৃতজ্ঞতা স্বীকার করতে হবে। প্রকাশিত প্রবন্ধের একটি কপি অবশ্যই গবেষণা কেন্দ্রে জমা দিতে হবে।
০৭. বরাদ্দকৃত অর্থ প্রাপ্তির পর গবেষণার কাজ না করলে গবেষণা-প্রকল্প প্রস্তাবকের বেতন থেকে উক্ত অর্থ কর্তন করা হবে।
০৮. জমাকৃত প্রতিবেদন/অভিসন্দর্ভটি Turnitin Software দ্বারা Plagiarism Check করা হবে। গবেষণাপত্রটিতে ২০%এর অধিক সাদৃশ্য থাকলে সেটি গ্রহণযোগ্য হবে না।
০৯. উল্লেখ্য যে, ২০২৩-২০২৪ অর্থ বছরে যে সকল সম্মানিত গবেষকগণ গবেষণার কাজ পেয়েছেন, সেই সকল গবেষকগণ ২০২৩-২০২৪ অর্থ বছরের গবেষণার চূড়ান্ত প্রতিবেদন জমাদান সাপেক্ষে ২০২৪-২০২৫ অর্থ বছরের জন্য গবেষণা প্রস্তাবনা জমাদিতে পারবেন।
১০. স্নাতকোত্তর শ্রেণিতে অধ্যয়নরত শিক্ষার্থীকে অবশ্যই স্নাতকে সিজিপিএ ৩.৫০ পেতে হবে।
১১. রিভিউয়ার/গবেষণা প্রকল্প বাছাই ও মূল্যায়ন কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত বলে মান্য করতে হবে।

ধন্যবাদান্তে


০৫/০৫/২০২৪

(অধ্যাপক ড. মার্জিয়া আক্তার)

পরিচালক, গবেষণা ও সম্প্রসারণ কেন্দ্র

জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়, ত্রিশাল, ময়মনসিংহ।